

বাংলাদেশ দূতাবাস  
ওয়াশিংটন ডিসি

নং-১৯.৮১.০০১১.২০০.২২.০০১.২৪

তারিখঃ ১৯ জানুয়ারি ২০২৪


**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২১শে ফেব্রুয়ারি মহান ভাষা শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উপলক্ষ্যে বৃহত্তর ওয়াশিংটন ডিসি এলাকা ও পাশ্চবর্তী রাজ্য (states) সমূহে বসবাসরত শিশু-কিশোরদের জন্য বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি নিম্নোক্ত রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে।

প্রতিযোগিতার গ্রুপ	অধ্যয়নরত গ্রেড	রচনার বিষয়বস্তু
গ্রুপঃ ক	অষ্টম গ্রেড পর্যন্ত	বাংলা ভাষা ও বাংলাদেশ
গ্রুপঃ খ	নবম হতে দ্বাদশ গ্রেড	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

০২। আগ্রহী শিশু-কিশোরদের উল্লিখিত লিখিত বিষয়-ভিত্তিক রচনা বাংলা অথবা ইংরেজিতে ৮০০-১০০০ শব্দের মধ্যে নাম, বয়স, অধ্যয়নরত গ্রেড, ঠিকানা এবং ফোন নম্বর সহ আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে **mission.washington@ mofa.gov.bd** এই ই-মেইলে প্রেরণ করার জন্য আহ্বান করা যাচ্ছে। দাখিল কৃত রচনার সাথে অংশগ্রহণকারীর এবং পিতামাতা/অভিভাবকগণের স্বাক্ষরসহ সংযুক্ত প্রত্যয়নপত্রটি প্রেরণ করতে হবে।

০৩। উল্লেখ্য, আগামী ২১ শে ফেব্রুয়ারি ২০২৪ তারিখ দূতাবাস মিলনায়তনে বিজয়ীদের মাঝে সনদপত্র প্রদান ও পুরস্কার বিতরণ করা হবে।

 ১৯.০২.২০২৪

(শামীমা ইয়াসমীন স্মৃতি)  
কাউন্সেলর ও দূতালয় প্রধান

**বিতরণঃ**

- ১। বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসির ওয়েবসাইট।
- ২। সকল কর্মকর্তা/ কর্মচারী, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি।
- ৩। মান্যবর রাষ্ট্রদূতের ব্যক্তিগত কর্মকর্তা।

## প্রত্যয়ন পত্র

আমি-----এই মর্মে প্রত্যয়ন করছি যে, বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসি কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতায় আমার দাখিলকৃত রচনাটি আমি নিজে লিখেছি। এটি একটি মৌলিক রচনা ও ইতোমধ্যে প্রকাশিত কোন নিবন্ধ/প্রবন্ধ থেকে হবহ উদ্ধৃত করি নাই।

**পিতামাতা/অভিভাবক এর স্বাক্ষর**

তারিখঃ

নামঃ

ঠিকানাঃ

ফোনঃ

**প্রতিযোগীর স্বাক্ষরঃ**

তারিখঃ

নামঃ

গ্রেডঃ

ঠিকানাঃ

ফোনঃ